গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন
তেজগাঁও, ঢাকা-১২১৫।

# বিজ্ঞপ্তি

নং- ৮০.২০০.০৫৬.০০.০১.০৩২.২০১০-৩৫ তারিখ ঃ ১৯/০১/২০১১ইং।

৩০তম বিসিএস-এর ঢাকা,রাজশাহী,চট্টগ্রাম,খুলনা,বরিশাল ও সিলেট কেন্দ্রে অনুষ্ঠিতব্য পদ সংশ্লিষ্ট ( job related ) বিষয়ের পরীক্ষার বিষয় ভিত্তিক সময়সূচী (আংশিক) ঃ

পদ সংশ্লিষ্ট ( job related )বিষয়সমূহ

| তারিখ ও সময় | সময় ঃ সকাল ১০.০০ - দুপুর ১.০০টা | | সময় ঃ বিকাল ২.০০ - ৫.০০টা | |
|---|---|---|---|---|
| | বিষয়ের নাম ও বিষয় কোড | পত্র | বিষয়ের নাম ও বিষয় কোড | পত্র |
| ০৭-০২-২০১১ সোমবার | (১) মেডিকেল সায়েন্স (৭৭১) | ১ম পত্র | (১) ইংরেজী (১২১) | ১ম পত্র |
| ০৮-০২-২০১১ মঙ্গলবার | (১) মেডিকেল সায়েন্স (৭৭২) | ২য় পত্র | (১) ইংরেজী (১২২) | ২য় পত্র |
| ০৯-০২-২০১১ বুধবার | (১) সমাজ বিজ্ঞান (৩৫১)<br>(২) অর্থনীতি (৩৩১)<br>(৩) গণিত (৫৫১) | ১ম পত্র<br>১ম পত্র<br>১ম পত্র | (১) পদার্থ বিদ্যা (৫১১)<br>(২) রসায়ন (৫৩১) | ১ম পত্র<br>১ম পত্র |
| ১০-০২-২০১১ বৃহস্পতিবার | (১) সমাজ বিজ্ঞান (৩৫২)<br>(২) অর্থনীতি (৩৩২)<br>(৩) গণিত (৫৫২) | ২য় পত্র<br>২য় পত্র<br>২য় পত্র | (১) পদার্থ বিদ্যা (৫১২)<br>(২) রসায়ন (৫৩২) | ২য় পত্র<br>২য় পত্র |

বিশেষ নির্দেশাবলী ঃ

১) যে সকল প্রার্থী সাধারণ ক্যাডারের সঙ্গে প্রফেশনাল/টেকনিক্যাল ক্যাডারের পছন্দক্রম দিয়েছেন তাদেরকে সাধারণ ক্যাডারের জন্য নির্ধারিত ৯০০ নম্বরের বিষয়াবলীর সঙ্গে সংশ্লিষ্ট প্রফেশনাল/টেকনিক্যাল ক্যাডার সম্পর্কিত ২০০ নম্বরের দুইটি পত্রের পরীক্ষা দিতে হবে।

২) যে সকল প্রার্থী শুধু প্রফেশনাল/টেকনিক্যাল ক্যাডারের পছন্দক্রম দিয়েছেন তাদেরকে প্রফেশনাল/টেকনিক্যাল ক্যাডারের জন্য নির্ধারিত আবশ্যিক বিষয়ের সাথে সংশ্লিষ্ট প্রফেশনাল/টেকনিক্যাল ক্যাডার সম্পর্কিত বিষয়ের ২০০ নম্বরের দুইটি পত্রের পরীক্ষা দিতে হবে।

৩) পরীক্ষার জন্য পরীক্ষার্থীদের নামে নতুন করে কোন প্রবেশপত্র জারি করা হবে না। প্রবেশপত্রের ২য় পৃষ্ঠায় প্রদত্ত নির্দেশাবলী অত্যন্ত মনোযোগের সাথে পড়তে এবং তদানুযায়ী অনুসরণ করতে হবে। প্রিলিমিনারী (অবজেকটিভ) টেস্টের জন্য জারিকৃত/প্রদত্ত প্রবেশপত্র লিখিত এবং মৌখিক পরীক্ষায় ব্যবহৃত হবে। কাজেই পরীক্ষার্থীদিগকে প্রিলিমিনারী (অবজেকটিভ) টেস্টের জন্য জারিকৃত প্রবেশপত্র সাবধানতার সাথে সংরক্ষণ করতে হবে এবং প্রত্যেক পরীক্ষার দিন প্রবেশপত্রসহ পরীক্ষার হলে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ছাড়া কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দে'য়া হবে না।

৪) পরীক্ষা কক্ষে বই পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগযন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ। **পরীক্ষার দিনসমূহে মোবাইল ফোনসহ কোন প্রার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না। পরীক্ষা হলে এবং গেটে মোবাইল ফোনের জন্য বিশেষ তল্লাশী অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর সাথে মোবাইল ফোন পাওয়া গেলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যেকোন নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে। ক্যালকুলেটর আনা যাবে, তবে সাইন্টিফিক ক্যালকুলেটর নয়।**

৫) লিখিত পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৬) পরিচিতি প্রতিপাদনের সাথে পরীক্ষার্থীর পরিচিতি নিশ্চিত করার সুবিধার্থে পরীক্ষার দিনসমূহে জাতীয় পরিচয়পত্র সাথে রাখার জন্য পরীক্ষার্থীদেরকে অনুরোধ করা হলো। এটি বাধ্যতামূলক নয়।

ক্রমশ/২

৭) **ভূঁয়া পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণের প্রচেষ্টা গ্রহণকারীদের বিরুদ্ধে বিশেষ অভিযান চালানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পরীক্ষা কক্ষে পরিদর্শকগণ প্রার্থীর প্রবেশপত্রের সাথে পরিচিতি প্রতিপাদনের ছবি, স্বাক্ষর, রেজিঃ নম্বর এবং জাতীয় পরিচয়পত্র (প্রয়োজনে) পরীক্ষা করবেন। প্রবেশপত্রে উল্লিখিত রেজিঃনম্বর এবং নাম সঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন। উক্ত কাজ শেষে পরিদর্শকগণ উত্তরপত্রের লিথোকোড ফর্মে এবং হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। প্রার্থীর ছবি, স্বাক্ষর এবং প্রবেশপত্র ও উত্তরপত্রের নাম ও রেজিঃ নম্বরের কোনরূপ গরমিলসহ অনিয়ম ধরা পড়লে প্রার্থীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।**

বিশেষভাবে ঘোষণা করা হচ্ছে যে, পরীক্ষা হলের গেটে ম্যাজিস্ট্রেট ও পুলিশ এর উপস্থিতিতে প্রার্থীদের প্রবেশপত্রসহ অন্যান্য কাগজপত্র চেক করে হলে প্রবেশের অনুমতি দেয়া হবে। পরীক্ষা কক্ষে প্রার্থীর প্রবেশপত্র এবং পরিচিতি প্রতিপাদনের ছবি ও স্বাক্ষর এবং উত্তরপত্রে উল্লিখিত প্রার্থীর নাম ও রেজিঃ নম্বর কক্ষ পরিদর্শক এবং কমিশনের মনোনীত কর্মকর্তা কর্তৃক দুই স্তরে নিবিড়ভাবে যাচাই করা হবে। কোনরূপ গরমিল পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮) পরীক্ষায় যে কোন রকম অসদুপায় অবলম্বনের জন্য সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে হল হতে বহিস্কার করা হবে। কোন পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে, বা অন্য কোন অসদুপায় অবলম্বন করলে বা প্রতারণার আশ্রয় নিলে বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। এমনকি কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতেও পারবেন না। ক্ষেত্র বিশেষে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতে ঐ পরীক্ষার্থীকে সোর্পদ করা হতে পারে।

৯) **৩০তম বিসিএস -এর লিখিত পরীক্ষায় লিথো কোড পদ্ধতিতে অনুষ্ঠিত হবে বিধায় প্রচলিত খাতার ১ম পৃষ্ঠায় লিথো কোডের একটি কম্পিউটার ফরম সংযুক্ত থাকবে। উক্ত ফর্মের উপরে প্রার্থী কর্তৃক পূরণীয় প্রথম অংশটি পরীক্ষার্থীকে নিম্নোক্ত নির্দেশমতে পূরণ করতে হবে ঃ**

<u>প্রার্থীদের জন্য নির্দেশাবলী ঃ</u>

(১) নামের ঘরে পরীক্ষার্থীর আবেদনপত্রে এবং প্রবেশপত্রে উল্লেখ অনুযায়ী তার নাম লিখবেন এবং স্বাক্ষরের ঘরে স্বাক্ষর করবেন। পরীক্ষার নামের ঘরে **'৩০তম বিসিএস লিখিত পরীক্ষা'** লিখবেন।

(২) পরীক্ষা কেন্দ্রের ঘরে পরীক্ষার্থীর জন্য প্রযোজ্য বৃত্তটি কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

(৩) রেজিঃ নম্বরের ঘরে পরীক্ষার্থীর প্রবেশপত্রে উল্লিখিত রেজিঃ নম্বরটি উপরের ঘরে লিখে নীচের সংশ্লিষ্ট বৃত্তগুলো কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

(৪) বিষয় কোডের ঘরে এই পরীক্ষাসূচীর প্রথমাংশে পদসংশ্লিষ্ট বিষয়ের নামের পাশে উল্লিখিত পরীক্ষার্থীর জন্য প্রযোজ্য তিন ডিজিটের কোড নম্বরটি প্রার্থী লিথোকোড ফর্মের 'বিষয় কোডের' ঘরের উপরের ফাঁকা অংশে লিখে নীচের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। **যেমন মেডিকেল সায়েন্স ১ম পত্র বিষয়ের কোড ৭৭১।** সেক্ষেত্রে বিষয় কোডের ঘরে ৭৭১ লিখে নীচের কোডের ৩টি বৃত্ত পূরণ করতে হবে। অতিরিক্ত খাতা না নিলে কোন বৃত্ত পূরণ করতে হবে না।

(৫) অতিরিক্ত খাতার ক্রমিক নম্বরের ঘরটি প্রযোজ্য বৃত্ত দিয়ে পূরণ করতে হবে। কোন প্রার্থী ১টি অতিরিক্ত খাতা নিলে ১ নম্বর বৃত্ত ২টি খাতা নিলে ২ নম্বর বৃত্ত এবং ৩টি খাতা নিলে ৩ নম্বর বৃত্তটি কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

(৬) সাদা মূল এবং অতিরিক্ত উত্তরপত্রে পরীক্ষার্থী তার নাম, রেজিঃ নম্বর ইত্যাদি কোন ভাবেই লিখবেন না।

**(৭)পদ সংশ্লিষ্ট অবশিষ্ট বিষয়ের পরীক্ষার সময়সূচী, হল ও আসন ব্যবস্থা পরবর্তীতে পত্রিকার মাধ্যমে জানানো হবে।**

**(৮) এই বিজ্ঞপ্তিটি কমিশনের <u>www.bpsc.gov.bd</u> ওয়েব সাইটে পাওয়া যাবে।**

(আ.ই.ম. নেছার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)।

**[ পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন]**